গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রেস-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০০০.০২০.১১.০০০১.২৩.৩২৮

তারিখ: ২৮ শ্রাবণ ১৪৩৩
১২ আগস্ট ২০২৬

## পুন:বিজ্ঞপ্তি

বিষয়: তথ্য কমিশনের **"প্রধান তথ্য কমিশনার/কমিশনার"** পদে নিয়োগলাভে আগ্রহী প্রার্থীদের নিকট হতে পুনরায় আবেদন ও জীবনবৃত্তান্ত আহ্বান।

তথ্য কমিশন গঠনের জন্য তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী **"প্রধান তথ্য কমিশনার ও ০২ (দুই) জন তথ্য কমিশনার"** নিয়োগ করা হবে **যাদের মধ্যে অন্যূন ১ (এক) জন মহিলা হবেন**। **"প্রধান তথ্য কমিশনার ও ০২ (দুই) জন তথ্য কমিশনার"** নিয়োগের লক্ষ্যে উক্ত আইনের ১৪(১) ধারা অনুযায়ী ইতোমধ্যে গঠিত বাছাই কমিটি মহামান্য রাষ্ট্রপতির নিকট সুপারিশ প্রেরণের উদ্দেশ্যে উল্লিখিত পদে নিয়োগলাভে আগ্রহী ব্যক্তিগণের নিকট হতে আবেদন ও জীবনবৃত্তান্ত আহ্বান করছে। বিশেষত নারী প্রার্থীদেরকে আবেদনের জন্য উৎসাহিত করা হলো।

২। আগ্রহী ব্যক্তিগণ বাছাই কমিটির সভাপতি বরাবর আবেদন করবেন।

৩। আগ্রহী ব্যক্তিগণের আইনের ধারা-১৫-এর বিধান মোতাবেক প্রয়োজনীয় অভিজ্ঞতা থাকতে হবে।

৪। আইনের ধারা-১৫(২) অনুযায়ী ৬৭ (সাতষট্টি) বছর বা ততোধিক ব্যক্তিগণ আবেদন করার যোগ্য হবেন না।

৫। জীবনবৃত্তান্তে আগ্রহী ব্যক্তির নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্মতারিখ, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতার বিবরণ, পেশা/চাকরি/অভিজ্ঞতার সুনির্দিষ্ট বিবরণ (মেয়াদকালসহ) এবং মোবাইল ফোন নম্বর ও ই-মেইল উল্লেখকরত স্বাক্ষর করে দাখিল করতে হবে। জীবনবৃত্তান্তের সাথে সাম্প্রতিক সময়ের দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্র এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার স্বপক্ষে সকল সনদপত্রের কপি জমা প্রদান করতে হবে। খামের ওপর **"তথ্য কমিশনের প্রধান তথ্য কমিশনার/কমিশনার পদের জন্য আবেদন ও জীবনবৃত্তান্ত"** উল্লেখ করতে হবে। ই-মেইলের মাধ্যমে আবেদন ও জীবনবৃত্তান্ত প্রেরণ করা হলে তা অবশ্যই পিডিএফ (PDF) ফরম্যাটে প্রেরণ করতে হবে এবং ই-মেইলের বিষয় (Subject) অংশে "তথ্য কমিশনের প্রধান তথ্য কমিশনার/কমিশনার পদে নিয়োগের জন্য আবেদন ও জীবনবৃত্তান্ত" উল্লেখ করতে হবে।

৬। আবেদন ও জীবনবৃত্তান্ত জমা প্রদানের স্থান: ক) **"তথ্য কমিশনের প্রধান তথ্য কমিশনার/কমিশনার পদের জন্য আবেদন ও জীবনবৃত্তান্ত"** শিরোনামে বাংলাদেশ সচিবালয়ের দর্শনার্থীদের প্রবেশের ২নং গেটের ভিতরে সংরক্ষিত ও নির্ধারিত বক্সে **(প্রতিদিন সকাল ৯:৩০ মিনিট হতে বিকাল ৩:৩০ মিনিট পর্যন্ত)** জমা প্রদান করতে হবে; অথবা খ) ই-মেইলে: broadcast.wing@moi.gov.bd প্রেরণ করতে হবে। যাহারা ইতোপূর্বে ২২.০৭.২০২৬ তারিখের ১৫.০০.০০০০.০০০.০২০.১১.০০০১.২৩.২৮৭ নম্বর স্মারকের পরিপ্রেক্ষিতে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদনের প্রয়োজন নেই।

৭। আবেদনসহ জীবনবৃত্তান্ত জমা প্রদানের সর্বশেষ সময়: ২৩ আগস্ট, ২০২৬ খ্রি: সোমবার, বিকাল ৩:৩০ মিনিট।

বাছাই কমিটির নির্দেশক্রমে,

(মোঃ শাহ আলম)
অতিরিক্ত সচিব (সম্প্রচার ও উন্নয়ন)
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ও
সচিব
তথ্য কমিশন (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২-৫৫১০০০৩৯

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

**<u>বিতরণ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>:**

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

২। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;

৩। জনাব আন্দালিভ রহমান, মাননীয় সংসদ-সদস্য, ১১৫ ভোলা-১, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা;

৪। জনাব মাসুদ সাঈদী, মাননীয় সংসদ-সদস্য, ১২৭ পিরোজপুর-১, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা;

৫। সচিব, তথ্য কমিশন, এফ-১৭/ডি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা;

৬। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১/২, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা;

৭। জনাব হাসান হাফিজ, সভাপতি, জাতীয় প্রেস ক্লাব, ঢাকা;

৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);

৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);

১০। মাননীয় প্রধানমন্ত্রীর উপদেষ্টা, পলিসি ও স্ট্র্যাটেজি; তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়-এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);

১১। উপসচিব (প্রশাসন-১), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;

১২। সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);

১৩। সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

১৪। মাননীয় বিচারপতি জনাব ফারাহ মাহবুব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা-এর ব্যক্তিগত কর্মকর্তা (মাননীয় বিচারপতির সদয় অবগতির জন্য);

১৫। নোটিশ বোর্ড;

১৬। অফিস কপি;

১৭। মাস্টার কপি।

(মোঃ শাহ আলম)
অতিরিক্ত সচিব (সম্প্রচার ও উন্নয়ন)
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা